ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

<u>স-১৪৪৫</u>

পানিসাগর, ৩ অক্টোবর, ২০২৪

**পানিসাগর মহকুমা ভিত্তিক শচীন দেববর্মণ জন্মজয়ন্তী**

পানিসাগর মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে এবং পানিসাগর নগর পঞ্চায়েতের সহযোগিতায় গত ১ অক্টোবর মহকুমা ভিত্তিক কুমার শচীন দেববর্মণ জন্মজয়ন্তী উদযাপিত হয়। পানিসাগর টাউন হলে এ উপলক্ষে আয়োজিত শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক বিনয় ভূষণ দাস। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পানিসাগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান কল্পনা দেবনাথ, মহকুমা পুলিশ আধিকারিক সৌম্য দেববর্মা, ত্রিপুরা রাজ্য সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য মৌসুমী দেবনাথ প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পানিসাগর নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারাপার্সন ধনঞ্জয় দেবনাথ। অনুষ্ঠানে উদ্বোধক সহ অন্যান্য অতিথিগণ কুমার শচীন দেববর্মণের কর্মজীবন ও সংগীত জগতে উনার অবদানের কথা উল্লেখ করে বক্তব্য রাখেন। স্বাগত বক্তব্য রাখেন পানিসাগর মহকুমা তথ্য ও সংস্কৃতি আধিকারিক ইন্দ্রজিৎ সাহা। অনুষ্ঠানের শুরুতে অতিথিগণ শচীন দেববর্মণের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করে তাঁর প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করেন। অনুষ্ঠানে বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন।

*******